



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।  
ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail: [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং- মশিবো/নেত্র/কলেজ/১৩/০২/ ১৮/ ৬০৭


তারিখঃ ০২/০৯/২০২১

বিষয়ঃ বারহাটা উপজেলাধীন ফকির আশরাফ কলেজের অধ্যক্ষের দায়িত্বভার বিধি মোতাবেক তৃতীয় কোন জ্যেষ্ঠ শিক্ষককে প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার বারহাটা উপজেলাধীন ফকির আশরাফ কলেজের অধ্যক্ষ জনাব কামরুল হাসান এর অভিজ্ঞতার সনদ ভুয়া মর্মে অভিযুক্ত করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং কলেজ ১৩৪৪ জাতীঃ বিঃ/কঃপঃ/ কোড-৪৮২২/৪৬৩১৬ তারিখঃ ১৯/১২/ ১৯ সভাপতি ফকির আশরাফ কলেজ বরাবর পত্র দেন। এই বিষয়ে জনাব জনাব কামরুল হাসান জর্জ কোর্টে মামলা দায়ের করেন। অন্যদিকে কলেজের পৌরনীতি ও সুশাসন বিষয়ের প্রভাষক জনাব মোহাম্মদ হাবিবুর রহমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসাবে বিভিন্ন আবেদন ও নানাবিধ কাজে অত্র বোর্ডে করস্পন্ডিং করে থাকেন, তাঁর শিক্ষক নিবন্ধন সনদ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক স্মারক নং বেশিনিক/পমুপ্র/সনদ যাচাই/ ৭৪৪(অংশ-৪৭)/২০১৭/১০৩৫ তারিখঃ ১৬ ফেব্রুয়ারি, ২০২০ ইং জাল ও ভুয়া সনদ মর্মে অধ্যক্ষ ফকির আশরাফ কলেজ, বারহাটা নেত্রকোনা কে পত্র দিয়ে অবহিত করা হয়। এতে উক্ত কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। উল্লেখ্য, বিগত ২১/০৯/২০২০ ইং স্মারক নং- মশিবো/নেত্র/কলেজ/২০২০/৬০২ মোতাবেক ঐ কলেজের প্রকৃত অধ্যক্ষ নির্ধারণের জন্য অত্র বোর্ড কর্তৃক পত্র দেওয়া হয়েছিল।

এমতাবস্থায় নেত্রকোনা জেলার বারহাটা উপজেলাধীন ফকির আশরাফ কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে অধ্যক্ষের দায়িত্বভার বিধি মোতাবেক তৃতীয় কোন জ্যেষ্ঠ শিক্ষককে প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
(প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

প্রাপক:

উপজেলা নির্বাহী কর্মকর্তা

বারহাটা, নেত্রকোনা

ও সভাপতি

ফকির আশরাফ কলেজ

বারহাটা, নেত্রকোনা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ময়মনসিংহ অঞ্চল
২. জেলা প্রশাসক, নেত্রকোনা
৩. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাটা, নেত্রকোনা
৫. অফিস কপি।